দৈনিক

15 JAN 2017
পৃষ্ঠা 6 কলাম 6

# চট্টগ্রামে ৫ হাজার শিক্ষার্থী রসায়ন অলিম্পিয়াডে অংশ নিয়েছে

■ চট্টগ্রাম অফিস

'জীবন বাঁচাতে ও সাজাতে রসায়ন' এ স্লোগানে রসায়ন অলিম্পিয়াডের সপ্তম আসরের চট্টগ্রাম পর্ব শেষ হয়েছে। এবার চট্টগ্রাম অঞ্চলের ১২০ কলেজের একাদশ ও দ্বাদশ শ্রেণির বিজ্ঞান বিভাগের ৫ হাজার শিক্ষার্থী এতে অংশ নিয়েছে। শুক্রবার সকাল ১০টা থেকে ১১টা পর্যন্ত রসায়নের এ পরীক্ষা অনুষ্ঠিত হয়। বাংলাদেশ রসায়ন সমিতির কেন্দ্রীয় ও চট্টগ্রাম আঞ্চলিক কমিটির তত্ত্বাবধানে চট্টগ্রাম ও মহসিন কলেজে এ পরীক্ষা অনুষ্ঠিত হয়।

পরীক্ষা শেষে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের রসায়ন বিভাগের সভাপতি ও ৭ম রসায়ন অলিম্পিয়াড আয়োজক কমিটির আহ্বায়ক অধ্যাপক ড. মনির উদ্দিন জানান, বিজ্ঞানে রসায়ন শিক্ষাকে আরো জনপ্রিয় করতে এবং তারুণ্যের মাঝে রসায়ন বিজ্ঞানের জীবন সংশ্লিষ্ট আলোড়ন সৃষ্টি করতে রসায়ন অলিম্পিয়াড ব্যাপক সাড়া জাগিয়েছে। চট্টগ্রাম অঞ্চলের ১২০টি কলেজের একাদশ ও দ্বাদশ শ্রেণির পাঁচ হাজারের অধিক বিজ্ঞান বিভাগের শিক্ষার্থীরা রেজিস্ট্রেশন করে অলিম্পিয়াডে অংশ নিয়েছে।

তিনি জানান, চট্টগ্রাম অঞ্চল থেকে শীর্ষ ১৫ শিক্ষার্থীকে জাতীয় পর্যায়ের প্রতিযোগিতার জন্য নির্বাচিত করা হবে। এছাড়াও ঢাকায় অনুষ্ঠেয় চূড়ান্ত প্রতিযোগিতায় ১ম, ২য় ও ৩য় স্থান অর্জনকারীকে আন্তর্জাতিক রসায়ন অলিম্পিয়াডে অংশগ্রহণের জন্য নির্বাচিত করা হবে। আন্তর্জাতিক পরিসরে মেধা ও যোগ্যতার মাধ্যমে তারা দেশের প্রতিনিধিত্ব করবে।

এসময় চট্টগ্রাম আঞ্চলিক রসায়ন সমিতির সভাপতি অধ্যাপক ড. হাবিবুল্লাহ চট্টগ্রাম কলেজের উপাধ্যক্ষ অধ্যাপক প্রদীপ চক্রবর্তী, রসায়ন সমিতি কেন্দ্রীয় কমিটির সদস্য অধ্যাপক ইদ্রিছ আলী, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক ড. বেনু কুমার দে প্রমুখ উপস্থিত ছিলেন।

আয়োজকদের প্রত্যাশা, এই অলিম্পিয়াডে তারুণ্যের মিলনমেলার মাধ্যমে যে তরী সৃষ্টি হয়েছে সেই তরীতেই দেশ এগিয়ে যাবে। এদের হাত ধরে টেকসই উন্নয়নের সফলতায় সমৃদ্ধ বাংলাদেশ আগামীর পৃথিবীতে দৃঢ়ভাবে মাথা উঁচু করে দাঁড়াবে। এসব শিক্ষার্থীই রসায়ন বিজ্ঞানকে ধারণ করে বৈশ্বিক উষ্ণায়নের তাড়না, জলবায়ু পরিবর্তনের নেতিবাচক প্রভাব মোকাবেলা করে মা, মাটি ও মানুষের জন্য কাজ করবে।